

# যুগান্ত

প্রিন্ট: ১০ আগস্ট ২০২৫, ১০:২৩ এএম

## শিক্ষার্থী

# মধ্যরাতে শিক্ষার্থীদের বিক্ষেত্রে উত্তাল ঢাবি



যুগান্ত ডেক্স

প্রকাশ: ০৯ আগস্ট ২০২৫, ০২:০১ এএম



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ১৮টি হলে ছাত্রদলের কমিটি প্রকাশ করার পর মধ্যরাত পর্যন্ত বিক্ষোভ করছেন শিক্ষার্থীরা। ঢাবির প্রায় প্রতিটি হল থেকে মিছিল নিয়ে শিক্ষার্থীরা টিএসসিতে জড়ে হচ্ছেন।

এ সময় তারা ‘ওয়ান টু থ্রি ফোর, হল পলিটিক্স নো মোর,’ ‘লেজুড়বৃত্তিক ছাত্রাজনীতি, চলবে না চলবে না,’ ‘ছাত্রদলের রাজনীতি, চলবে না চলবে না,’ ‘ছোট টিমের রাজনীতি, চলবে না চলবে না’সহ নানা স্লোগান দেন।

শুক্রবার দিবাগত মধ্যরাতে ঢাবির টিএসসিতে এই বিক্ষোভ শুরু হয়। এদিন সন্ধ্যা থেকেই ছাত্রাজনীতির বিরুদ্ধে সরব থাকতে দেখা গেছে বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষার্থীদের। পরে প্রায় সব হলের শিক্ষার্থীরা এই মিছিলে অংশ নেন।

এরআগে, রোকেয়া হলে ছাত্রাজনীতি নিষিদ্ধ দাবিতে বিক্ষোভ মিছিল ও চার দাবিতে হল প্রশাসন বরাবর স্মারকলিপি প্রদান করেছে রোকেয়া হলের একদল শিক্ষার্থী।

রোকেয়া হলের ২০২৩-২০২৪ সেশনের শিক্ষার্থী মুনতাহা ইসমাইল এশা বলেন, ‘ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিটি হলে ছাত্রদল আজকে তাদের হল কমিটি প্রকাশ করেছে। যেখানে ১৬ জুলাই, ২০২৪ সালে প্রতিটি হলের ছাত্র-ছাত্রীরা সম্মিলিতভাবে হলের ভিতর রাজনীতি নিষিদ্ধের ঘোষণা করেছিল, সেখানে ছাত্রদল কিভাবে এত সাহস কোথায় পায়।’

সরেজমিন দেখা যায়, হল থেকে রাস্তায় নেমে এসেছেন নারী শিক্ষার্থীরা। এ সময় বিভিন্ন হল থেকে ছোট মিছিল নিয়ে এসে টিএসসিতে একত্র হন পুরুষ শিক্ষার্থীরাও। পরে একটি বিক্ষোভ মিছিল নিয়ে তারা ভিসি চতুরের দিকে যান।